

পুরাতন যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প :

দেশের সকল জেলায় পরিচালিত প্রাতিষ্ঠানিক আবাসিক ও অনাবাসিক প্রশিক্ষণ কার্যক্রমকে একই ভেন্যুতে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় অবকাঠামোগত সুযোগ সুবিধা সৃষ্টির লক্ষ্যে ইতোপূর্বে নির্মিত ৫৩টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে ২৯টি কেন্দ্রের উর্ধ্বমুখি সম্প্রসারণের মাধ্যমে প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি করা এ প্রকল্পের উদ্দেশ্য। প্রকল্পের নির্মাণ কাজ সমাপ্তির পর জেলা পর্যায়ে ভাড়া বাড়িতে পরিচালিত সকল অনাবাসিক প্রশিক্ষণ কার্যক্রমসহ উপ-পরিচালকের কার্যালয় প্রশিক্ষণ কেন্দ্রসমূহে স্থানান্তর করা হবে। প্রকল্পটি গত ১২-১০-২০১০ তারিখে ১০৩ কোটি ৯৮ লক্ষ ৭৯ হাজার টাকা ব্যয়ে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে সংশোধনীর মাধ্যমে মোট প্রকল্প ব্যয় দাঁড়িয়েছে ১২১ কোটি ৭০ লক্ষ ১০ হাজার টাকা। প্রকল্পের আওতায় ২৯টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবন তিন তলা হতে পাঁচ তলায় উন্নীত করা হচ্ছে। এছাড়া, ছাত্রাবাস, ছাত্রীনিবাস ও কর্মচারীদের বাসস্থানের উর্ধ্বমুখি সম্প্রসারণ করা হচ্ছে। ইতোমধ্যে এ প্রকল্পে ভূমি উন্নয়ন কাজ ৪৫.৯৪%, অফিসভবন নির্মাণ ৯৯.১৭%, বাসভবন নির্মাণ ৯০.১৮%, ছাত্রাবাস, ছাত্রীনিবাস, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণসহ অন্যান্য কাজ ৩৯.৭৫% সমাপ্ত হয়েছে। বর্তমানে নির্মাণ কাজ দ্রুত এগিয়ে চলছে। প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত না হওয়ায় প্রকল্পটির মেয়াদ এক বছর বৃদ্ধি করে সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অগ্রগতি
মোট প্রকল্প ব্যয় (২০১০-২০১৫)	১২১৭০.১০ লক্ষ টাকা ।	৮৬১৪.৩৭ লক্ষ টাকা ।
২০১৩-২০১৪ অর্থ বছরে বরাদ্দ ও ব্যয়ের	৩৫০০.০০ লক্ষ টাকা ।	৩৪৯৮.৩৫ লক্ষ টাকা ।
২০১৪-২০১৫ অর্থ বছরে বরাদ্দ	২৮০৮.০০ লক্ষ টাকা ।	-